

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৭১২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭০৭]

১/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৯৪: মেহমানের খাতির করার গুরুত্ব

بَابُ إِكْرَامِ الضَّيْفِ _ (94)

আরবী

وَعَن أَبِي شُرَيْح خُويْلِدِ بِن عَمرٍ و الخُزَاعِيّ رضي الله عنه، قَالَ: سَمِعْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، يَقُولُ: مَنْ كَانَ يُوْمِنُ بِاللهِ وَاليَوْمِ الآخِرِ فَلْيُكْرِمْ ضَيْفَهُ جَائِزَتَهُ قَالُوا: وَمَا جَائِزَتُهُ ؟ يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، قَالَ: يَوْمُهُ وَلَيْلَتُهُ، وَالضِيّافَةُ ثَلاَثَةُ أَيَّامٍ، فَمَا كَانَ وَرَاءَ ذَلِكَ فَهُوَ صَدَقَةٌ عَلَيْهِ. متفقٌ عَلَيْهِ وفي رواية لِمسلمٍ: لاَ يَحِلُّ لِمُسْلِمٍ أَنْ يُقِيمَ عِنْدَ أَخِيهِ حَتَّى يُوْثِمَهُ قَالُوا: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، وَكَيْفَ يُؤْثِمُهُ ؟ قَالَ: يُقِيمُ عِنْدَهُ وَلاَ شَيْءَ لَهُ يُقْرِيه بِهِ صلى الله عليه وسلم، وَكَيْفَ يُؤْثِمُهُ ؟ قَالَ: يُقِيمُ عِنْدَهُ وَلاَ شَيْءَ لَهُ يُقْرِيه بِهِ

বাংলা

২/৭১২। আবৃ শুরাইহ খুয়াইলিদ ইবনে 'আমর খুযা'য়ী রাদিয়াল্লাহু 'আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, "যে ব্যক্তি আল্লাহ ও শেষ দিনের প্রতি ঈমান রাখে, সে যেন অবশ্যই মেহমানের পারিতোষিকসহ তার সম্মান করে।" লোকেরা বলল, 'তার পারিতোষিক কী? হে আল্লাহর রাসূল!' তিনি বললেন, "একদিন ও একরাত (উত্তমভাবে পানাহারের ব্যবস্থা করা)। আর সাধারণতঃ মেহমানের খাতির তিন দিন পর্যন্ত। (অতঃপর স্বেচ্ছায় তার চলে যাওয়া উচিত)। তিনদিনের অতিরিক্ত হবে মেযবানের জন্য সাদকাহস্বরূপ।" (বুখারী ও মুসলিম) [1]

মুসলিমের এক বর্ণনায় আছে, "কোনো মুসলিমের জন্য তার ভাইয়ের নিকট এতটা থাকা বৈধ নয়, যাতে সে তাকে গোনাহগার করে ফেলে।" লোকেরা জিজ্ঞাসা করল, 'হে আল্লাহর রাসূল! তাকে কিভাবে গোনাহগার করে ফেলে?' উত্তরে তিনি বললেন, "এ ওর কাছে থেকে যায়, অথচ ওর এমন কিছু থাকে না, যার দ্বারা সে মেহমানের খাতির করতে পারে।"

English

(94) Chapter: Honoring the Guest



Abu Shuraih Khuwailid bin 'Amr Al-Khuza'i (May Allah be pleased with him) reported:

I heard Messenger of Allah (ﷺ) saying, "He who believes in Allah and the Last Day, should accommodate his guest according to his right." He was asked: "What is his right, O Messenger of Allah?" He (ﷺ) replied: "It is (to accommodate him) for a day and a night, and hospitality extends for three days, and what is beyond that is charity."

[Al-Bukhari and Muslim].

In Muslim it is added: Messenger of Allah (ﷺ) said, "It is not permissible for a Muslim to stay so long with his brother till he makes him sinful." He was asked: "O Messenger of Allah, how can he make him sinful?" He replied, "He prolongs his stay with him till nothing is left with the host to entertain him (guest)."

Commentary: This Hadith throws light on something more of the etiquette and scope of hospitality. A guest ought to be given the best entertainment on the first day and night. For the next two days, hospitality should be moderate. On the fourth day, the guest should leave for his destination. Yet if he chooses to stay, hospitality will be in the sense of charity.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৬০১৯, ৬১৩৫, ৬৪৭৬, মুসলিম ৪৮, তিরমিয়ী ১৯৬৭, ১৯৬৮, আবূ দাউদ ৩৭৩৮ ইবনু মাজাহ ৩৬৭২, আহমাদ ১৫৯৩৫, ২৬৬১৮, ২৬৬২০, মুওয়াত্তা মালেক ১৭২৮, দারেমী ২০৩৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ শুরাইহ্ খুওয়াইলিদ ইবনু আমর খুযায়ী (রা.)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন